দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 11 JAN 1995

পৃষ্ঠা ... ২ কলাম ... ৪

# বেসরকারী শিক্ষকদের জন্য ১০ শতাংশ বেতন বৃদ্ধি দাবি

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের এক প্রতিনিধিদল, মঙ্গলবার সকালে শিক্ষা সচিব ইরশাদুল হকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। তাঁরা সচিবের সাথে সম্প্রতি ঘোষিত সরকারী কর্মচারীদের জন্য ১০ ভাগ বেতন বৃদ্ধি বেসরকারী শিক্ষকদের ক্ষেত্রেও প্রযোজ্য করে ঘোষণা প্রদান এবং টাইমস্কেল, সহযোগী অধ্যাপকের পদ সৃষ্টি, ট্রাস্টি কমিটি পুনর্গঠনসহ শিক্ষকদের অন্য সমস্যাবলী নিয়ে আলোচনা করেন। শিক্ষা সচিব অবিলম্বে টাইমস্কেল ও সহযোগী অধ্যাপকের পদ সৃষ্টির বিষয়টি চূড়ান্ত হবে

(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## বেসরকারী শিক্ষকদের

(প্রথম পাতার পর)

বলে জানান। অন্য বিষয়গুলো সম্বন্ধেও যথাযথ পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন।

প্রতিনিধিদলে ছিলেন ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, ভাইস চেয়ারম্যান অধ্যক্ষ এ,কে,এম জহিরুল ইসলাম এবং অধ্যক্ষ মোঃ রেজাউল করিম। খবর বিজ্ঞপ্তি'র।